# আনন্দপাঠ

## আয়না

জসীমউদ্‌দীন

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. চাষি আয়নাটি কোথায় কুড়িয়ে পেয়েছিল?**
● ধানক্ষেতে ⓖ পাটক্ষেতে ⓖ গমক্ষেতে ⓘ মুলাক্ষেতে

**২. 'আসুক আগে মিনসে বাড়ি। আজ দেখাইব এর মজা।'—চাষি বউয়ের এরূ প ক্রোধান্বিত হবার কারণ—**
i. অপরিচিত লোক ঘরে নিয়ে এসেছে
ii. রাস্তায় পড়ে থাকা জিনিস ঘরে নিয়ে এসেছে
iii. সংসারে গোপনে সতিন এনেছে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓖ i এবং ii ● iii ⓘ ii

**৩. কী করে লোকে বুঝতে পারল যে সেটি আয়না?**
ⓚ বিশেষজ্ঞ এসে প্রমাণ করল
● একসঙ্গে অনেকের চেহারা দেখা গেল
ⓖ প্রতিবেশীরা এসে প্রমাণ করল
ⓘ আয়নার সঙ্গে পরিচিত লোক এসে বলল

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** সরল বিশ্বাস ও অজ্ঞতা

চাষি বউ আগাইয়া আসিয়া বলিল—দেখ বুবুজান। আমাদের মিনসে আর একটি বউ বিবাহ করিয়া আনিয়া পানির কলসির ভিতরে লুকাইয়া রাখিয়াছিল। ওই সতিনের মেয়ে সতিনকে আমি পা দিয়া পিষিয়া ফেলিব না? দেখ দেখ, বুবুজান। এই আয়নার ভিতর কে?

ক. 'আমাদের মিনসে' বলতে কাকে বোঝানো হয়েছে?
খ. 'সতিনের মেয়ে সতিন' বলতে যা বোঝানো হয়েছে তার পরিচয় দাও।
গ. উদ্দীপকের মধ্যে চাষি–বউয়ের চরিত্রের কী কী বৈশিষ্ট্যের প্রকাশ ঘটেছে লেখ।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** 'আমাদের মিনসে' বলতে 'আয়না' গল্পের চাষিকে বোঝানো হয়েছে।

**খ** 'সতিনের মেয়ে সতিন' বলতে এখানে স্বামীর দ্বিতীয় বিবাহ করা স্ত্রীকে বোঝানো হয়েছে।
চাষি বউ আয়নায় নিজেরই চেহারা দেখে অজ্ঞতাবশত তাকে সতিন মনে করেছে। এ সতিনকে কাছে পেলে পা দিয়ে পিষে ফেলার ক্ষোভ প্রকাশ করেছে। সে মনে করেছে এটি তার সতিন অর্থাৎ স্বামীর দ্বিতীয় স্ত্রী। নিজের চেহারা এবং আয়না সম্পর্কে ধারণা ছিল না বলে তার এমন সমস্যা সৃষ্টি হয়েছে।

**গ** উদ্দীপকের চাষি বউয়ের মধ্যে স্বামীভক্তি, সন্দেহপরায়ণতা, রাগ, অজ্ঞতা, সতীন সম্পর্কে নারীসুলভ মানসিকতা প্রভৃতি ভালো–মন্দ বৈশিষ্ট্যের সমাবেশ দেখতে পাওয়া যায়।
তার কৃষক স্বামী আয়নাটি পেয়ে যখন তাতে তার নিজের মুখটিকে তার বাজানের মুখ মনে করে সংসারের সকল কাজ থেকে নিজেকে বিচ্ছিন্ন করে ফেলে, তখন চাষি বউ মনে করে স্বামী তার প্রতি উদাসীন হয়ে পড়েছে। তার মনে স্বামীর প্রতি সন্দেহ দানাবেঁধে ওঠে। আয়নার বিষয়টি ফাঁস হয়ে পড়লে স্বামীর প্রতি তার যে গভীর ভালোবাসা ছিল তা মুহূর্তে ঘৃণায় পরিণত হয়। তবে সকল রাগ গিয়ে পড়ে আয়নায় দেখা নারীর ওপর। কারণ কোনো নারীই তার স্বামীর ভাগ অন্য নারীকে দিতে রাজি নয়। এজন্যই তাকে বলতে শুনি 'ওই সতিনের মেয়ে সতিনকে আমি পা দিয়ে পিষিয়া ফেলিব না?' চাষি বউয়ের চারিত্রিক বৈশিষ্ট্যে গ্রামবাংলার নারীর বৈশিষ্ট্য উজ্জ্বল হয়ে ধরা পড়েছে।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিক্ষার্থীদের পরীক্ষা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

➲ লেখক পরিচিতি ➡ বোর্ড বই, পৃষ্ঠা ০৩

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**১. জসীমউদ্‌দীন কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
● ১৯০৩ ⓖ ১৯১০
ⓖ ১৯২০ ⓘ ১৯৪০

**২. জসীমউদ্‌দীন কোন জেলায় জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
● ফরিদপুর ⓖ জামালপুর
ⓖ নেত্রকোনা ⓘ কুষ্টিয়া

**৩. জসীমউদ্‌দীন কোন গ্রামে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ⓚ আলীপুর ● তাম্বুলখানা
ⓖ বাদামতলী ⓘ গোবিন্দগঞ্জ

**৪. নিচের কোনটি জসীমউদ্‌দীনের শিশুদের জন্য অনবদ্য রচনা?** (জ্ঞান)
ⓚ হাসু ⓖ এক পয়সার বাঁশী ● ডালিমকুমার ⓘ রাখালী

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**৫. জসীমউদ্‌দীনের কবিতার বিষয়বস্তু—** (উচ্চতর দক্ষতা)
i. গ্রামবাংলার প্রকৃতি
ii. সমকালীন রাজনীতি
iii. সাধারণ মানুষের জীবন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৬. সাহিত্যের যে শাখায় কবি জসীমউদ্‌দীনের পদচারণা ছিল—** (অনুধাবন)
i. কবিতা, স্মৃতিকথা ii. ভ্রমণকাহিনি, নাটক
iii. প্রহসন, মহাকাব্য
**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**৭. কবি জসীমউদ্‌দীনের শিশুদের জন্য রচিত কবিতাগ্রন্থ হলো—** (অনুধাবন)
i. হাসু
ii. এক পয়সার বাঁশি
iii. নক্সী কাঁথার মাঠ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**➲ মূলপাঠ ➡** বোর্ড বই, পৃষ্ঠা ০১-০৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮. আয়নাখানা কার ঝুলি থেকে পড়ে গিয়েছিল?** [মতিঝিল মডেল হাইস্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]
ⓚ চাষির বাবার ⓑ চাষির মায়ের
● কাবুলিওয়ালার ⓓ চাষির বউয়ের

**৯. চাষি আয়নার মধ্যে প্রথমে কার ছবি দেখল?** (অনুধাবন)
ⓚ নিজের ● বাপের
ⓖ বউয়ের ⓓ মায়ের

**১০. চাষি আয়নাখানা কোথায় লুকিয়ে রেখেছিল?** [কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম]
ⓚ সিন্দুকের মধ্যে ⓑ বাক্সে
● পানির কলসিতে ⓓ পানির বালতিতে

**১১. চাষির বউ আয়নার মধ্যে কাকে আবিষ্কার করল?** (জ্ঞান)
ⓚ নিজেকে ⓑ পাশের বাড়ির মেজো বউকে
● সতিনকে ⓓ আরফানের মাকে

**১২. কে আয়নাখানা ছুড়ে মেরেছিল?** (জ্ঞান)
ⓚ চাষি ● চাষির বউ
ⓖ আরফানের মাⓓ রহমানের বউ

**১৩. চাষির পাশের বাড়ি থেকে কে বেড়াতে এসেছিল?** (জ্ঞান)
ⓚ ছোট বউ ⓑ মেজো বউ
● বড় বউ ⓓ আনোয়ারার নানি

**১৪. চাষি আয়নাখানা কীভাবে পেল?** (অনুধাবন)
ⓚ উপহার হিসেবে ● কুড়িয়ে
ⓖ উত্তরাধিকার সূত্রে ⓓ যৌতুক হিসেবে

**১৫. এ গায়ে সে গায়ে কীসের কথা রটে গেল?** [সম্মিলনী ইনস্টিটিউশন, যশোর]
ⓚ চাষির কথা ⓑ সতিনের কথা
● আয়নার কথা ⓓ ডাকাতের কথা

**১৬. আয়নাটি পেয়ে চাষি কী করল?** [লক্ষ্মীপুর সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়]
ⓚ চমকে উঠল ⓑ ভীত হলো
● হাতে নিল ⓓ ফেলে দিল

**১৭. চাষি আয়নাখানা কপালে তুলে সালাম করল কেন?** (অনুধাবন)
● বাপের ছবি দেখে ⓑ দাদার ছবি দেখে
ⓖ মায়ের ছবি দেখে ⓓ বউয়ের ছবি দেখে

**১৮. "তুমি আসমান হইতে নামিয়া ধানবেতে লুকাইয়া আছ"—উক্তিটি কার?** (জ্ঞান)
● চাষির ⓑ সতিনের
ⓖ মায়ের ⓓ দাদির

**১৯. এদেশ ওদেশ থেকে লোক ছুটে আসল কেন?** (অনুধাবন)
ⓚ আনন্দ করতে ⓑ আয়না দেখতে
ⓖ চাষিকে দেখতে ● জাদুর তেলেছমাতি দেখতে

**২০. 'আমাদের মিনসে আর একটি বউ বিবাহ করিয়া আনিয়াছে।'— এখানে মিনসে বলতে কাকে বোঝানো হয়েছে?** (প্রয়োগ
ⓚ রহমানকে ● চাষিকে
ⓖ আরফানকে ⓓ বাপজানকে

**২১. চাষির বাবার মৃত্যুর সময় তার কয় খানা ঘর ছিল?** (জ্ঞান)
● ১ ⓑ ২ ⓖ ৩ ⓓ ৪

**২২. চাষি আয়নার মধ্যে নিজের ছবি দেখে তার বাবা মনে করেছিল কেন?** (অনুধাবন)
ⓚ বাবার মতো তার দাড়ি ছিল ⓑ বাবাকে কোনোদিন দেখেনি বলে
ⓖ বাবাকে খুব ভালোবাসত বলে ● তার চেহারা বাবার মতো বলে

**২৩. "ওরে গোলাম! ওরে নফর! তবু বলিস তোর বাজান!" এখানে প্রকাশিত হয়েছে—** (প্রয়োগ)
ⓚ অভিমান ● রাগ ⓖ আনন্দ ⓓ বেদনা

**২৪. পানির কলসির ভেতর আয়না রাখার মাধ্যমে চাষির কোন অবস্থা প্রকাশ পেয়েছে?** (উচ্চতর দৰতা)
ⓚ কৃপণতা ⓑ অসহায়ত্ব ⓖ চালাকি ● দরিদ্রতা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৫. চাষি পানির কলসির মধ্যে আয়না রাখার কারণ—** (অনুধাবন)
i. কেউ দেখে ফেলার আশঙ্কা
ii. রাখার বাক্স না থাকা
iii. পরিষ্কার করা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**২৬. চাষির বউ ক্ষেপে যাওয়ার কারণ—** (অনুধাবন)
i. চাষি আয় রোজগার করেনি বলে
ii. নতুন বিয়ে করেছে মনে করে
iii. বউয়ের সাথে কথা বলেনি বলে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

**২৭. 'মৃত বাবা আবার ফিরে এসেছে'— এই চিন্তা দ্বারা প্রকাশ পেয়েছে চাষির—** (উচ্চতর দৰতা)
i. নির্বুদ্ধিতা ii. বাগ্মিতা iii. অজ্ঞতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓑ ii ও iii ⓓ i, ii ও iii

**২৮. চাষি তার বাবার ৰেতে যে ধান বুনেছে—** (অনুধাবন)
i. শাইল
ii. সোনাদিঘা
iii. আমন
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
সোহেল রানার স্ত্রী অশিৰিত এবং একটু বোকা ধরনের। স্বামীর মোবাইল দিয়ে কল দেয়ার পর সে একটি মেয়ের কণ্ঠ শুনতে পায়। এতে সে স্বামীকে সন্দেহ করে এবং মনে খুব কস্ট পায়। প্রকৃতপৰে মোবাইলে টাকা না থাকার কারণে সে মেয়ের কণ্ঠ শুনেছিল।

**২৯. অনুচ্ছেদের ঘটনার সাথে নিচের কোন গল্পের বিষয়গত সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)
ⓚ কাঠের পা ● আয়না
ⓖ জাদুকর ⓓ বালকের সততা

**৩০. অনুচ্ছেদের ঘটনাটি আয়না গল্পের কোন ভাবটি প্রকাশ করে?** (উচ্চতর দৰতা)
● প্রকৃত শিৰার অভাব ⓑ প্রাচীনকালের জ্ঞানস্বল্পতা
ⓖ মানুষের চিন্তাশীলতার অভাব ⓓ যন্ত্রের আধুনিকতা

**➲ শব্দার্থ ও টীকা ➡** বোর্ড বই, পৃষ্ঠা ০৪

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩১. 'তেলেছমাতি' শব্দের অর্থ কী?** [আগ্রাবাদ বালিকা বিদ্যালয়, চট্টগ্রাম]
ⓚ প্রতিচ্ছবি ● জাদু সম্বন্ধীয় ⓖ অবাস্তব বস্তু ⓓ বাতি

**৩২. 'কাবুলিওয়ালা' বলতে কী বোঝায়?** (অনুধাবন)
● কাবুল বা আফগানিস্তানের লোক ⓑ কাবলি পরে যে লোক
ⓖ কাঁধে বইয়ের ঝুলি বহন করে যে ⓓ দেশ বিদেশে ঘুরে বেড়ায় যে

**৩৩. 'কলরব' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
ⓚ প্রচার ● কলরোল ⓖ লৰ ⓓ পাখির ডাক

**৩৪. 'রটা' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
● প্রচার ⓑ মজবুত ⓖ যন্ত্রবিশেষ ⓓ জাদু

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৫. 'আয়না' শব্দের অর্থ বহন করে–** (অনুধাবন)
i. দর্পণ ii. আরশি iii. পেটিকা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩৬. 'নজর' বলতে বোঝায়–** (অনুধাবন)
i. দৃষ্টি ii. চোখ iii. লৰ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩৭. 'কলসি' বোঝাতে যে শব্দ ব্যবহার করা হয়–** (অনুধাবন)
i. পেটিকা
ii. ঘড়া
iii. পানি রাখার পাত্র বিশেষ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

**➲ সারসংক্ষেপ ➡** বোর্ড বই, পৃষ্ঠা ০০

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৮. আয়নার ভিতরে নিজের ছবি দেখে চাষি কী মনে করল?** (জ্ঞান)
● নিজের মৃত পিতা (খ) নিজের স্ত্রী
(গ) নিজের ছবি (ঘ) কাবুলিওয়ালার ছবি

**৩৯. আয়নায় নিজের ছবি দেখে চাষির স্ত্রী কী মনে করল?** (জ্ঞান)
● স্বামী আরেকটি বিয়ে করেছে (খ) নিজের মায়ের ছবি দেখা যাচ্ছে
(গ) বড় বউয়ের ছবি দেখা যাচ্ছে (ঘ) নিজের ছবি দেখা যাচ্ছে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪০. "কাজল ও নয়ন খুব ভালো বন্ধু। কিন্তু কাজল নয়নকে অনেক সন্দেহ করে।' 'আয়না' গল্পে কাজলের সাথে যার সাদৃশ্য আছে–** (প্রয়োগ)
i. চাষি
ii. চাষি বৌ
iii. আরফানের মা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ● ii (গ) iii (ঘ) i ও ii

**৪১. চাষির বউ লুকিয়ে আয়না দেখে কারণ–** (উচ্চতর দৰতা)
i. স্বামীর ভয়ে
ii. সন্দেহ–প্রবণ হয়ে
iii. লোকলজ্জার ভয়ে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ● ii (গ) i ও iii (ঘ) ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১ ▸▸** বহুবিবাহ

বহুবিবাহ আমাদের সমাজে প্রচলিত। সাধারণত সন্তান না হওয়ার জন্য নারীকেই দায়ী করা হয়। আর ছেলে সন্তানের আশায় একের পর এক বিয়ে করতে থাকে। এ ছাড়া অনেকে ইচ্ছে করেই একের অধিক স্ত্রী গ্রহণ করে। সংসারে একের অধিক বউ থাকায় সুখ–শান্তি নষ্ট হয়। বউদের মধ্যে নিত্যকলহ লেগেই থাকে।

[নারায়ণগঞ্জ আন্তঃস্কুল; শিরোইল সরকারি হাইস্কুল, রাজশাহী]

ক. আয়না কোথায় পাওয়া গিয়েছিল? ১
খ. আয়নার দিকে তাকিয়ে চাষি বউ রাগে আগুন হলো কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'আয়না' গল্পের সাদৃশ্য দেখাও। ৩
ঘ. 'বহুবিবাহে সংসারে শান্তি নষ্ট হয়'– উদ্দীপকের এ বিষয়টিই 'আয়না' গল্পে প্রতিফলিত হয়েছে। মূল্যায়ন কর। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** আয়না ধানৰেতে পাওয়া গিয়েছিল।

**খ** আয়নায় নিজের চেহারাকে স্বামীর অন্য স্ত্রী মনে করে চাষি বউ রেগে আগুন হয়েছিল।

চাষির বউ আগে কখনো আয়না দেখেনি এমনকি নিজের চেহারা সম্পর্কেও তার কোনো ধারণা ছিল না। তাই আয়নায় নিজের চেহারা দেখে ভেবেছিল স্বামী আরেকটি বিয়ে করে তার সাথে লুকিয়ে লুকিয়ে কথা বলে। আয়নায় সতীনের চেহারা মনে করেই সে রেগে আগুন হয়েছিল।

**গ** উদ্দীপকের সাথে 'আয়না' গল্পের সাদৃশ্য রয়েছে।

বহুবিবাহ একটি সামাজিক সমস্যা। আমাদের সমাজে পুরবষেরা নারীদের ওপর দোষ চাপিয়ে একের অধিক বিয়ে করে। কখনো সন্তান লাভের আশায় কখনো বা নিজের ইচ্ছা পূরণে। আর এই একের অধিক বিয়ে নারী মনে জটিলতা সৃষ্টি করে।
উদ্দীপকে বহুবিবাহ যে আমাদের সমাজে প্রচলিত সে কথা বলা হয়েছে। বেশিরভাগ পুরবষই সন্তান না হওয়াকে স্ত্রীর সমস্যা মনে করে দ্বিতীয় বিয়ে করে। এতে সংসারে নানা রকম সুখ–শান্তি নষ্ট হয়। 'আয়না' গল্পেও দেখা যায়, চাষির বউ আয়নায় নিজের চেহারা দেখে ভাবে তার স্বামী আরেকটি বিয়ে করে নিয়ে এসেছে। যার কারণে স্বামীর সাথে কলহ করেছে। তাই বলা যায়, উদ্দীপকের সাথে 'আয়না' গল্পের সাদৃশ্য রয়েছে।

**ঘ** 'বহুবিবাহে সংসারে শান্তি নষ্ট হয়' উদ্দীপকের এ বিষয়টিই 'আয়না' গল্পে প্রতিফলিত হয়েছে এবং উক্তিটি যথার্থ।

আমাদের সমাজে পুরবষেরা নারীদের ওপর দোষ চাপিয়ে একের অধিক বিয়ে করে। কখনো সন্তানের আশায় কখনো বা নিজের ইচ্ছা পূরণে। আর এই একের অধিক বিয়ে নারী মনে জটিলতা সৃষ্টি করে।
উদ্দীপকে দেখতে পাই আমাদের সমাজের একটি দিক হচ্ছে বহুবিবাহ। আর সন্তানের আশায় অধিক স্ত্রী গ্রহণের প্রবণতা লৰ করা যায়। এ ছাড়া অনেকে ইচ্ছা করেও একাধিক বিয়ে করে থাকে। 'আয়না' গল্পেও এ বহু বিবাহের বিষয়টি ফুটে উঠেছে যা আমাদের সমাজেও প্রচলিত
উদ্দীপকে বহুবিবাহের কারণ উলেরখ করে এর ফলাফল হিসেবে সংসারের সুখ–শান্তি নষ্ট হয় তা ব্যক্ত করা হয়েছে। 'আয়না' গল্পেও চাষির বউ তার স্বামী আরেকটা বিয়ে করেছে ভেবে কলহ করে।
উপর্যুক্ত আলোচনা হতে তাই বলা যায়, উক্তিটি যথার্থ হয়েছে।

**প্রশ্ন– ২ ▸▸** শিৰাই আলো

শিৰা মানুষকে সচেতন করে তোলে। শিৰিত মানুষ সত্য–মিথ্যার পার্থক্য নিরূ পণ করতে পারে। শিৰাই পারে প্রকৃত সত্যের সন্ধান দিতে।
[কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. চাষি দেখতে কার মতো হয়েছে? ১
খ. চাষি তার বাবাকে দেখতে পেয়ে কী করল? বর্ণনা দাও। ২
গ. 'অশিৰিত মানুষ চোখ থেকেও অন্ধ'– 'আয়না' গল্পের আলোকে উদ্দীপকের উক্তিটি কী প্রমাণ করেছে ব্যাখ্যা কর। ৩
ঘ. শিৰাই পারে প্রকৃত সত্যের সন্ধান দিতে– উদ্দীপক ও 'আয়না' গল্পের আলোকে বিশেরষণ কর। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** চাষি দেখতে তার বাবার মতো হয়েছে।

**খ** চাষি তার বাবাকে দেখতে পেয়ে খুশিতে আত্মহারা হলো।
চাষির আয়না সম্পর্কে কোনো ধারণা না থাকাতে আয়নায় নিজের চেহারাকে তার মৃত বাবা মনে করল। বাবা ফিরে এসেছে এই খুশিতে সে আয়নাকে কপালে তুলে সালাম করলো। মুখে নিয়ে চুমো দিল। তারপর খেতে কেমন ফসল হয়েছে সেসব দেখিয়ে বাড়িতে এনে আয়নাকে যত্ন করে পানির কলসিতে লুকিয়ে রাখল।

**গ** 'অশিৰিত মানুষ চোখ থেকেও অন্ধ' –'আয়না' গল্পের চাষি ও চাষি বউয়ের চরিত্রের মাঝে উদ্দীপকের উক্তিটির প্রমাণ রয়েছে।
শিৰা মানুষকে সর্বশ্রেষ্ঠ মানুষ হিসেবে গড়ে উঠতে সহায়তা করে। ভালো–মন্দের পার্থক্য শেখায় শিৰা। শিৰা ছাড়া মানুষের জীবনে চাষি ও চাষির বউয়ের মতো নানা জটিলতা সৃষ্টি হয়।
'আয়না' গল্পে দেখা যায়, আয়না সম্পর্কে কোনো জ্ঞান না থাকার কারণে চাষি ও চাষির বউ একে অপরকে ভুল বোঝে। চাষি আয়নায় নিজের চেহারা দেখে মনে করে তার মৃত বাবার ছবি, তার বাবা ফিরে এসেছে। আর চাষির বউ নিজের চেহারা দেখে ভাবে অন্য মেয়ের ছবি, তার স্বামী আর একটা বিয়ে করেছে। এ নিয়ে স্বামীর সাথে চাষি বউয়ের ঝগড়া শুরব হয়। শুধু শিৰা না থাকার কারণে তারা নিজেদের ভুল বুঝতে পারে না। সত্য–মিথ্যার পার্থক্য করতে পারে না। চোখ থেকেও তারা অন্ধ। অশিৰিত মানুষ যে চোখ থেকেও অন্ধ তা চাষি ও চাষির বউয়ের কর্মকাণ্ডে প্রমাণিত হয়েছে।

**ঘ** "শিৰাই পারে প্রকৃত সত্যের সন্ধান দিতে।"– উদ্দীপক ও 'আয়না' গল্পের আলোকে উক্তিটি যথার্থ।
শিৰা মানুষকে সর্বশ্রেষ্ঠ জীব হিসেবে গড়ে উঠতে সহায়তা করে। সত্য–মিথ্যার পার্থক্য শেখায়। শিৰাই পারে প্রকৃত সত্যের সন্ধান দিতে।
'আয়না' গল্পে দেখা যায়, চাষি ও চাষির বউয়ের দু'জনের কারোরই আয়না সম্পর্কে কোনো ধারণা না থাকায় তারা নিজেদের চেহারা চিনতে পারে না। ফলে তাদের মধ্যে ভুল বোঝাবুঝি এবং ঝগড়া হয়। চাষি আয়নায় নিজের চেহারাকে বাপের ছবি মনে করে পানির কলসিতে আয়নাটা লুকিয়ে রাখে, আর মাঠ থেকে ফিরে এসে চুপি চুপি কথা বলে। স্ত্রী এ কাণ্ড থেকে স্বামীকে সন্দেহ করে এবং আয়নায় নিজের ছবি দেখে ভাবে স্বামী আরেকটি বিয়ে করেছে।
উদ্দীপকেও এ বিষয়টি ব্যক্ত হয়েছে। আয়না সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা না থাকায় তারা বুঝতে পারে না আয়নায় নিজেদের চেহারা দেখা যায় আর পানির কলসিতে কোনো মানুষকে লুকিয়ে রাখা যায় না। শিৰার অভাবের কারণে তারা প্রকৃত সত্য উদ্ঘাটন করতে ব্যর্থ হয়েছে। তাই বলা যায়, উদ্দীপক ও আয়না গল্পের আলোকে শিৰাই পারে প্রকৃত সত্যের সন্ধান দিতে মন্তব্যটি সঠিক।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৩** — বিয়োগ ব্যথা

রিমা তার মামার সাথে হলে সিনেমা দেখতে গেল। সিনেমায় নায়কের বাবা–মাকে শত্রবরা গুলি করে মেরে ফেলে। নায়ক বাবা–মাকে হারিয়ে শোকে ভেঙে পড়ে। রিমা এ দৃশ্য দেখে সইতে পারে না। সে সিনেমা হল থেকে কাঁদতে কাঁদতে বাড়ি চলে আসে।

ক. চাষি আয়নায় দেখা নিজের চেহারাকে কী মনে করল? ১
খ. আয়নার দিকে তাকিয়ে চাষি বউ রাগে আগুন হলো কেন? ২
গ. উদ্দীপকের রিমার সাথে 'আয়না' গল্পের কার মিল রয়েছে– ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'আয়না' গল্পের মূলভাব ধারণ করেছে কি? মতের পৰে যুক্তি দাও। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** চাষি রিমার দেখা চেহারাকে তার বাবার চেহারা মনে করল।

**খ** চাষিবউ আয়নায় নিজের চেহারা দেখে তার সতিন মনে করে রেগে আগুন হয়ে গেল।
চাষিবউ আয়নায় যখন নিজের চেহারা দেখল তখন ভাবল তার স্বামী অন্য একজন নারীকে বিয়ে করে এনেছে। তাই সে রেগে আগুন হয়ে গেল।

*Xclusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** আয়না গল্পের চাষির বউয়ের মনকষ্টের কারণ ব্যাখ্যা কর।

**ঘ** 'আয়না গল্পের মূলভাবটি বিশেরষণ কর।

**প্রশ্ন– ৪** — ভ্রান্ত ধারণায় খুশি হওয়া

রিপন পুকুরঘাটে একটি চকচকে জিনিস খুঁজে পায়। দেখতে সোনালি রঙের জিনিসটি পয়সা আকৃতির। ঘরে ফিরে মাকে এনে দেখায় সেটি। মা বলে, এটি সোনার পয়সা। খুশিতে রিপনের মাথায় নানা চিন্তা আসে। সে ভাবে এ পয়সা ভাঙিয়ে অনেক টাকা হবে। সে টাকা দিয়ে শহরে বাড়ি করবে, গাড়ি হবে, আরো কত কি! কিন্তু তার সব চিন্তা শেষ হয়ে যায় যখন সে জানতে পারে এটি সোনা নয়, তামার পয়সা।

ক. চাষি জমিতে কী ধান বুনেছিল? ১
খ. চাষি আয়নায় নিজের প্রতিচ্ছবিকে বাপজান মনে করল কেন? ২
গ. অনুচ্ছেদের রিপন ও 'আয়না' গল্পের চাষির মধ্যে সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের রিপন 'আয়না' গল্পের চাষির সম্পূর্ণ বৈশিষ্ট্য ধারণ করে না– মন্তব্যটির সত্যতা যাচাই কর।" ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** চাষি সোনাদিঘা ও শাইল ধান বুনেছিল।

**খ** চাষি অজ্ঞবশত আয়নায় নিজের প্রতি ছবিকে নিজের বাপ মনে করল। চাষি পূর্বে কোনোদিন আয়নায় নিজের চেহারা দেখেনি। প্রথমবার তাই আয়নায় নিজের চেহারা বুঝতে না পেরে বাপজানের প্রতিচ্ছবি মনে করল।

*Xclusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** রিপনের খুঁজে পাওয়া পয়সা ও চাষীর আয়না পড়ার সাদৃশ্য আলোচনা কর।

**ঘ** উদ্দীপকটি আংশিক বৈশিষ্ট্য ধারণ করে আলোচনা কর।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ চাষি ধানৰেতে কী কুড়িয়ে পেল?**
**উত্তর :** চাষি ধানৰেতে আয়না কুড়িয়ে পেল।

**প্রশ্ন ॥ ২ ॥ আয়না খুঁজে পাওয়ার সময় চাষি কী করছিল?**
**উত্তর :** আয়না খুঁজে পাওয়ার সময় চাষি ধান কাটছিল।

**প্রশ্ন ॥ ৩ ॥ চাষি কী ধান বুনেছিল?**
**উত্তর :** চাষি সোনাদিঘা ও শাইল ধান বুনেছিল।

**প্রশ্ন ॥ ৪ ॥ চাষি কয়খানা ঘর তৈরি করেছে?**
**উত্তর :** চাষি তিনখানা ঘর তৈরি করেছে।

**প্রশ্ন ॥ ৫ ॥ আয়নাটি হাতে নিয়ে চাষি কোথায় ঘুরে বেড়াল?**

**উত্তর :** আয়নাটি হাতে নিয়ে চাষি সবগুলো ক্ষেত ঘুরে বেড়াল।

**প্রশ্ন ॥ ৬ ॥ কে ঝাঁটা হাতে নিয়ে তেড়ে এল?**

**উত্তর :** চাষির বউ ঝাঁটা হাতে নিয়ে তেড়ে এল।

**প্রশ্ন ॥ ৭ ॥ চাষির সামনে চাষি বউ কী ছুড়ে মারল?**

**উত্তর :** চাষি বউ চাষির সামনে আয়না ছুড়ে মারল।

**প্রশ্ন ॥ ৮ ॥ চাষি বউয়ের গলায় ও নাকে কী ছিল?**

**উত্তর :** চাষি বউয়ের গলায় হাঁসলি ও নাকে নথ ছিল।

**প্রশ্ন ॥ ৯ ॥ চাষি আয়নাখানা কোথায় লুকিয়ে রাখল?**

**উত্তর :** চাষি আয়নাখানা পানির কলসির ভিতরে লুকিয়ে রাখল।

**প্রশ্ন ॥ ১০ ॥ গোপনে গোপনে পানির কলসির ভিতর থেকে আয়না বের করল কে?**

**উত্তর :** চাষির বউ গোপনে গোপনে পানির কলসির ভিতর থেকে আয়না বের করল।

**প্রশ্ন ॥ ১১ ॥ 'এক পয়সার বাঁশী' জসীমউদ্‌দীনের কী ধরনের রচনা?**

**উত্তর :** 'এক পয়সার বাঁশী' জসীমউদ্‌দীনের কাব্যগ্রন্থ।

**প্রশ্ন ॥ ১২ ॥ 'আয়না' গল্পটির লেখক কে?**

**উত্তর :** 'আয়না' গল্পটির লেখক হলেন জসীমউদ্‌দীন।

**প্রশ্ন ॥ ১৩ ॥ 'ওরে গোলাম! ওরে নফর!'– এ কথাগুলো চাষি বউ কাকে উদ্দেশ্য করে বলছিল?**

**উত্তর :** 'ওরে গোলাম! ওরে নফর!'– এ কথাগুলো চাষি বউ চাষিকে উদ্দেশ্য করে বলেছিল।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ চাষি আয়নাটি পানির কলসির ভেতর রাখল কেন?**

**উত্তর :** দরিদ্র চাষির ঘরে অতিরিক্ত কোনো বাক্স না থাকায় আয়নাটি পানির কলসির ভেতর রেখেছিল।

'আয়না' গল্পের চাষি ধান কাটতে গিয়ে একটি আয়না খুঁজে পায়। আগে কখনো সে আয়না দেখেনি বলে নিজের চেহারা দেখে চিনতে পারে না। বড় হলে ছেলের চেহারা বাবার মতো হয় বলে চাষি নিজের ছবিকে মৃত বাবার ছবি মনে করে। তার ঘরে আর কোনো বাক্স না থাকায় আয়নাটি যত্ন করে চাষি পানির কলসির ভেতর লুকিয়ে রাখে।

**প্রশ্ন ॥ ২ ॥ "আসুক আগে মিনসে বাড়ি। আজ দেখাইব এর মজা।" – চাষি বউ কেন মজা দেখাবে?**

**উত্তর :** আয়নায় নিজের চেহারাকে সতিন ভেবে চাষি বউ চাষি বাড়ি আসলে মজা দেখাবে বলে এ মন্তব্য করেছে।

চাষি ধানক্ষেতে একটি আয়না কুড়িয়ে পায়। সেটি মুখের সামনে ধরতেই তার নিজের ছবি ভেসে উঠল। সে ছবিকে মৃত বাবার ছবি মনে করে ঘরে পানির কলসির ভেতর যত্ন করে লুকিয়ে রাখল। চাষি বউ সে আয়নায় নিজের ছবি দেখে ভাবে স্বামী আরেকটি বিয়ে করে নতুন বউ ঘরে এনেছে। তাই বাড়ি আসলে চাষিকে মজা দেখাবে বলে মন্তব্য করেছে।